দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 11 JUN 2017
পৃষ্ঠা ২০ ... কলাম ৫

# মনোনীত কলেজ পছন্দ হয়নি দুই লাখ শিক্ষার্থীর

## একাদশ শ্রেণিতে ভর্তি

■ ইত্তেফাক রিপোর্ট

ভর্তির জন্য প্রথম ফলে নির্বাচিত হলেও কলেজ পছন্দ না হওয়ায় দুই লক্ষাধিক শিক্ষার্থী ভর্তি হতে অনাগ্রহী। পছন্দের কলেজে ভর্তির জন্য এসব শিক্ষার্থী নতুন করে আবেদন করার সুযোগ পাবেন।

যদিও শিক্ষার্থীদের পছন্দের তালিকা থেকেই মেধা ভিত্তিতে ভর্তির জন্য কলেজ নির্বাচিত করে দিয়েছিল ঢাকা বোর্ড।

গত ৬ জুন থেকে ৮ জুন রাত ১২টা পর্যন্ত কলেজে ভর্তির নিশ্চায়নের সময় নির্ধারণ করা হয়। তবে আশানুরূপ নিশ্চায়ন না হওয়ায় সময় বাড়িয়ে গতকাল শনিবার দুপুর ১২টা পর্যন্ত সুযোগ দেওয়া হয়। এরপরও দুই লাখ ১২ হাজার শিক্ষার্থী ভর্তির জন্য কলেজ নিশ্চায়ন করেননি। আবার অনেক শিক্ষার্থী নিশ্চায়ন করলেও মাইগ্রেশনের সিদ্ধান্ত নিয়েছেন তারা। নির্বাচিত হয়েও কলেজ নিশ্চায়ন না করার বিষয়ে নতুন করে সিদ্ধান্ত নিতে পারে ঢাকা বোর্ড। আজ রবিবার এ বিষয়ে সিদ্ধান্ত জানা যাবে।

তথ্য অনুযায়ী, প্রায় সকল আবেদনকারী একাধিক কলেজ পচ্ছন্দ দিয়েছেন। কেউ যদি নতুন করে আর আবেদন না করেন তবে তার জন্য দ্বিতীয় পচ্ছন্দের কলেজ পরবর্তী মেধাতালিকায় দেওয়ার সিদ্ধান্ত হতে পারে।

নিশ্চায়ন শেষ হলে মাইগ্রেশনের জন্য আবেদন চলবে। এ সময় যারা পছন্দমতো কলেজ পাননি তারা ছাড়াও যারা কোনো পৃষ্ঠা ২ কলাম ৩

## মনোনীত কলেজ

২০ পৃষ্ঠার পর

কলেজ পাননি তারাও আবেদন করতে পারবেন। একজন শিক্ষার্থী একটি কলেজে ভর্তির জন্য মনোনীত হওয়ার পরও নির্দিষ্ট সময়ের মধ্যে বোর্ডের ফি বাবদ ১৮৫ টাকা প্রদান করে ভর্তি নিশ্চায়ন না করলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। একই সঙ্গে তার আবেদনটিও বাতিল হয়ে যাবে।

প্রথম দফায় মনোনীতদের নিশ্চায়নের পর দ্বিতীয় পর্যায়ে মাইগ্রেশনের আবেদন ও নতুন আবেদন করতে পারবেন শিক্ষার্থীরা। প্রথম পর্যায়ে ভর্তি নিশ্চায়নকারীরা অন্য কলেজে মাইগ্রেশনের জন্য আবেদন করতে পারবেন। আসন শূন্য থাকা সাপেক্ষে মাইগ্রেশনের জন্য আবেদন করা দ্বিতীয় মেধাতালিকায় কাঙ্ক্ষিত কলেজে মনোনয়ন দেওয়া হবে। তবে আসন শূন্য না থাকলে মাইগ্রেশন আবেদনকারীর প্রথম মেধাতালিকায় সুযোগ পাওয়া কলেজে মনোনয়ন বহাল থাকবে।

১৩ জুন প্রকাশ করা হবে দ্বিতীয় মেধাতালিকা। ১৪ ও ১৫ জুনের মধ্যে দ্বিতীয় মেধাতালিকায় মনোনীতদের নিশ্চায়ন সম্পন্ন করতে হবে।

দ্বিতীয় তালিকায় মনোনীতদের নিশ্চায়নের পর তৃতীয় পর্যায়ে আবেদনের সুযোগ থাকছে ১৬ ও ১৭ জুন। ১৮ জুন সর্বশেষ বা তৃতীয় মেধাতালিকা প্রকাশ করা হবে। তৃতীয় তালিকায় মনোনীতদের নিশ্চায়ন সম্পন্ন করতে হবে ১৯ জুনের মধ্যে।

২০ থেকে ২২ জুন প্রথম দফায় এবং ২৮ থেকে ২৯ জুন দ্বিতীয় দফায় ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে কলেজগুলো। ক্লাস শুরু হবে ১ জুলাই।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যার্থে
স্বাক্ষর